

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date : 29-04-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Supriya Das Datta Z P SHIPAHIJALA :

সিপাহীজলা জেলার জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত নিউইয়র্কে রাষ্ট্র সঙ্ঘের প্রধান কার্যালয়ে ৫৭ তম অধিবেশনের অঙ্গ হিসাবে 'কমিশন অন পপুলেশন ডেভলপমেন্ট'-এর সভায় আলোচনার জন্য আমন্ত্রিত হয়েছেন। আজ থেকে আগামী ৩রা মে পর্যন্ত চলবে এই সভা। নিউইয়র্কের উদ্দেশ্যে দিল্লি রওয়ানা হওয়ার আগে, আকাশবাণীর সঙ্গে এক সাক্ষাতকারে শ্রীমতী দাস দত্ত জানান, উত্তর পূর্বাঞ্চল থেকে একমাত্র মহিলা প্রতিনিধি হিসেবে আমন্ত্রণ পেয়ে তিনি গর্বিত। মহিলাদের রাজনৈতিক, আর্থিক ও সামাজিক ক্ষমতায়নের বিষয়ে তিনি সভায় আলোচনা করবেন।

Show Cause :

রাজ্যের পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত আসনে ভোটগ্রহণ চলাকালে গত ২৬ এপ্রিল, বাগবাসা বিধানসভার অন্তর্গত ২২ নম্বর পোলিং বুথে বিধায়ক যাদব লাল নাথ নির্বাচন কমিশনের গাইডলাইন অমান্য করে প্রবেশ করেন এবং ভোটার হেল্প ডেস্কে কর্মরত বি.এল.ও.'র সাথে দুর্ব্যবহার করেন বলে অভিযোগ। এর পরিপ্রেক্ষিতে উত্তর ত্রিপুরা জেলা নির্বাচন আধিকারিক বিধায়ক যাদব লাল নাথকে এই ধরনের আচরণের কারণ দর্শানোর নোটিশ জারি করেছেন।

FIR against ARO :

এদিকে, বাগবাসা বিধানসভা কেন্দ্রের অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার জনৈক কাজল দাস সহ আরো কয়েকজনের বিরুদ্ধে গতকাল কদমতলা থানায় মামলা দায়ের করেন। গত ২৬ শে এপ্রিল ভোট গ্রহণের দিনে বিকেল পাঁচটায় বাগবাসা বিধানসভা ক্ষেত্রের ২২ নম্বর বুথে প্রচুর সংখ্যক ভোটার এলোমেলো ভাবে ছড়িয়ে ছিলেন। বুথের প্রিসাইডিং অফিসার নিয়ম অনুসারে তাদের সারিবদ্ধভাবে দাঁড়ানো এবং টোকেন গ্রহণ করার জন্য অনুরোধ করেন। সেই সময়ে কাজল দাস ও অন্যান্যরা প্রিসাইডিং অফিসারকে শারীরিকভাবে নির্যাতন করেন বলে অভিযোগ

রাজ্য সরকার চলতি মরশুমের দাবদাহের জন্য স্কুলগুলোতে আরও তিনদিন ছুটি বাড়িয়েছে। বিদ্যালয় শিক্ষাদপ্তরের অতিরিক্ত সচিব নৃপেন্দ্র শর্মা জানিয়েছেন আজ ২৯ এপ্রিল থেকে আগামী ১ লা মে পর্যন্ত রাজ্য সরকার, সরকার অধিগৃহীত, TTAADC পরিচালিত এবং বেসরকারি স্কুলগুলোতে বন্ধ থাকবে।

Detain of Eskuf Syrup :

আগরতলা রেল স্টেশনে বেআইনী নেশার সিরাপ সহ বিহারের চার যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। রেল পুলিশ জানিয়েছে, গতকাল সন্ধ্যায় বিহার থেকে এই যুবকরা ৩৪৫ বোতল ওই বেআইনী সিরাপ নিয়ে এসেছিল। অভিযুক্তদের বিরুদ্ধে এন.ডি.পি.এস. আইনে মামলা নেওয়া হয়েছে।

Drinking water- Udaipur:

উদয়পুর শহর এলাকায় পরিশ্রুত পানীয় জলের সমস্যা দ্রুত সমাধানের লক্ষ্যে ডি;ডব্লিউ.এস দপ্তরের দায়িত্ব প্রাপ্ত আধিকারিকের নেতৃত্বে এক প্রতিনিধিদল গতকাল বিভিন্ন এলাকা পরিদর্শন করেন এবং স্থানীয় লোকজনদের সাথে কথা বলেন। পরিদর্শন শেষে উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার এর সাথে এক বৈঠকে মিলিত হন। বৈঠক শেষে দপ্তরের আধিকারিকরা জানান আগামী কিছুদিনের মধ্যে সমস্যা সমাধানের জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন ১

Health Camp:

মা উষা চেরিটেবল ট্রাস্ট-এর উদ্যোগে লায়ন্স ক্লাব অফ আগরতলা ও জাতীয় স্বাস্থ্য মিশনের সহযোগিতায় গতকাল পশ্চিম ভবনবনের অন্বেষা চাইল্ড প্রটেকশন সেন্টারে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১০৫ জন শিশুর স্বাস্থ্য পরীক্ষা করে চিকিৎসকরা রিপোর্ট কার্ড এবং বিনামূল্যে ওষুধ প্রদান করেন। উপস্থিত ছিলেন ট্রাস্টের সম্পাদক ডক্টর সুশান্ত রায়। তিনি বলেন আগামী দিনে শিশুদের সব হোমগুলোতে এই ধরনের শিবিরের আয়োজন করা হবে।

TRTC:

রাজ্য সরকারের অধিকৃত সংস্থা সি.আর.টি.সি. অবসরপ্রাপ্ত কর্মচারীদের সেলারি সংক্রান্ত মামলা ত্রিপুরা হাইকোর্টের রায়ে সন্তোষ প্রকাশ করেছে টি.আর.টি.সি. মোটর ওয়ার্কাস ইউনিয়ন। এক বিবৃতিতে ইউনিয়ন আশা প্রকাশ করেছে যে, টি.আর.টি.সি. কর্তৃপক্ষ ও রাজ্য সরকার নিগমের অবসরপ্রাপ্ত সহ সর্বস্তরের কর্মচারীদের স্বার্থে গঠনমূলক পদক্ষেপ গ্রহণ করবে।

Nockout Cricket :

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার শেষ দুটি কোয়ার্টার ফাইন্যাল আজ অনুষ্ঠিত হবে | এতে MBB স্টেডিয়ামে কসমোপলিটান ক্লাব ও ব্লাড মাউথ ক্লাব এবং নরসিংগরের PTA মাঠে ইউনাইটেড ফ্রেন্ডস ও হার্ভে ক্লাব পরস্পরের মুখোমুখি হবে | গতকাল স্ফুলিঙ্গ ক্লাব ও সংহতি ক্লাব সেমিফাইনালে উঠেছে।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু'য়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। রাজ্যে উষ্ণতাপ প্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ অব্যাহত রয়েছে।
